

উপজেলা কৃষি ও সেচ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময়ঃ ১০/০৪/২০২৩ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১০/০৪/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা কৃষি ও সেচকমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	আগ্রহী কৃষকদের স্বল্প মেয়াদী আউশ ধান চাষ বিষয়ক প্রশিক্ষণঃ	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব দিলরুবা ইয়াছমিন, উপজেলা কৃষি অফিসার, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলায় কিছু ইউনিয়ন আউশ ধান চাষের জন্য উপযোগী। এবং ইউনিয়ন ওলোতে কৃষকেরা স্বল্প মেয়াদী আউশ ধান করলে অনেক লাভবান হবে। তাই তিনি স্বল্প মেয়াদী আউশ ধান প্রতি গুরুত্ব আরোপ করে সভাকে অবহিত করেন। সেজন্য আগ্রহী কৃষকদের স্বল্প মেয়াদী আউশ ধান প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অনুভব করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফারজানা ইয়াছমিন)  
মহিলা ভাইস চেয়ারম্যান

ও


সভাপতি  
উপজেলা কৃষি ও সেচকমিটি  
জামালপুর সদর, জামালপুর।

তারিখঃ ১০/০৪/২০২৩ খ্রিঃ

স্মারক নং-

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ০৩। জনাব-----সদস্য, উপজেলা কৃষি ও সেচকমিটি, জামালপুর সদর, জামালপুর।
- ০৪। অফিস নথি।



(দিলরুবা ইয়াছমিন)

উপজেলা কৃষিঅফিসার

ও

সদস্য সচিব  
উপজেলা কৃষি ও সেচকমিটি  
জামালপুর সদর, জামালপুর।

১০/০৪/২০২৩ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী
০১	জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সভাপতি
০২	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, ০৫ নং ইটাইল ইউনিয়ন পরিষদ।	সদস্য
০৩	মোঃ আয়ুব আলী খান, চেয়ারম্যান, ১১ নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ।	সদস্য
০৪	মোঃ আলম আলী, চেয়ারম্যান, ০২ নং শরীফপুর ইউনিয়ন পরিষদ।	সদস্য
০৫	দিলরুবা ইয়াছমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর।	সদস্য সচিব